

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৫, ২০১৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়য়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

আদেশ

তারিখ, ৭ ডিসেম্বর ২০১৫

নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৭৯/প্রশাসন/৬৪—সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী-ব্যবসা নিয়ন্ত্রকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৩(২) এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন এতদ্বারা মূল্য সংবেদনশীল তথ্য সরবরাহের নিম্নোক্ত পদ্ধতি নির্ধারণ করিল, যথা:—

- (১) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত প্রতিটি সিকিউরিটি ইস্যুকারী উহার কোন মূল্য সংবেদনশীল তথ্য সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের তিরিশ মিনিটের মধ্যে কিংবা তথ্যটি উহার গোচরে আসার তারিখেই তাৎক্ষণিকভাবে উহার চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা বা কোম্পানি সচিব এর স্বাক্ষরে লিখিতভাবে একই সাথে বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ (যদি উভয় এক্সচেঞ্জে তালিকাভুক্ত থাকে তবে একই সাথে উভয় এক্সচেঞ্জ) এর নিকট ফ্যাক্স ও বিশেষ বার্তাবাহক মারফত, ক্ষেত্রবিশেষে কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করিবে; এবং উক্ত তথ্য বহুল প্রচারিত দুইটি দৈনিক পত্রিকায় (একটি বাংলা এবং অপরটি ইংরেজি) ও একটি অনলাইন (online) পত্রিকায় অবিলম্বে প্রকাশনা নিশ্চিত করিবে;
- (২) তালিকাভুক্ত সিকিউরিটি ইস্যুকারী কর্তৃক প্রেরিত ও প্রকাশিত উক্তরূপ তথ্যটিতে ইস্যুকারীর পরিচালনা পর্যন্ত সিদ্ধান্ত গ্রহণের তারিখ ও সময়, কিংবা ক্ষেত্রতে তথ্যটি উহার গোচরে আসার তারিখ উল্লেখ করিতে হইবে;
- (৩) সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ উক্ত তথ্য প্রাপ্তি মাত্রাই তথ্যটি নিউজ মিনিটের মাধ্যমে প্রচার করিবে;

(১২৯৩)
মূল্যঃ টাকা ৮.০০

-
- (৪) এই আদেশ অমান্য করা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন,
১৯৯৩ মোতাবেক শান্তিযোগ্য অপরাধ;
- (৫) উল্লিখিত বিষয়ে কমিশনের পূর্বের আদেশ নং এসইসি/এসআরএমআইডি/২০০০-
৯৮৫/২২৪৮/প্র-০২/১ তারিখঃ ৫ পৌষ, ১৪০৭ বাখ/১৯ ডিসেম্বর, ২০০০ইং
এতদ্বারা রাহিত করা হইল।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

ড. এম. খায়রুল হোসেন

চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd